

২০১৮  
২৬/৬/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ টেলিভিশন  
সদর দপ্তর  
রামপুরা, ঢাকা-১২১৯  
www.btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.১৬.০১২.১৭ . ১৬৭০

তারিখ:

১৪ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ  
২৬ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণে ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ।


উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে বাংলাদেশ টেলিভিশনের ২০১৮-২০১৯ অর্থ বছরের কর্মপরিকল্পনার ৭ ক্রমিকের ৭.২ এ বর্ণিত স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণে ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বিটিভির ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণের নিমিত্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগের অফিস আদেশ এ সাথে প্রেরণ করা হলো।

ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্যাদি নিম্নরূপ:

ফোকাল পয়েন্ট কর্মকর্তা	অভিযোগ গ্রহণের দিন ও সময়
জনাব মো: জহিরুল ইসলাম মিয়া অতিরিক্ত পরিচালক (অর্থ) বাংলাদেশ টেলিভিশন সদর দপ্তর, ঢাকা কক্ষ নং-৭০৪ ফোন : ৯৩৫৯৪৮৫ (অফিস)	প্রতি বুধবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত

০২। আগামী ১০.০৭.২০১৮ তারিখের পূর্বে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করে প্রশাসন শাখাকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।




মো: জাহাঙ্গীর আলম  
অতিরিক্ত পরিচালক (প্রশাসন)  
ফোন: ৯৩৫৭৯৬৭ (অফিস)

সিস্টেম এনালিস্ট  
বাংলাদেশ টেলিভিশন  
ঢাকা।

অনুলিপি:

- ০১। জনাব মো: জহিরুল ইসলাম মিয়া, অতিরিক্ত পরিচালক (অর্থ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিটিভি, ঢাকা।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা।
- ০৩। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা।
- ০৪। কার্যালয় নথি।

১৬৫৫



১৬৫৫

১৬৫৫ / H.A

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ টেলিভিশন  
সদর দপ্তর ভবন  
রামপুরা, ঢাকা-১২১৯।  
[www.btv.gov.bd](http://www.btv.gov.bd)

নং-বিটিভি/প্রশাসন-৫২/৩য় খন্ড/অংশ/ ৪৪৬৬

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ  
০৬ ডিসেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ


মন্ত্রিপরিষদ বিভাগের ২৯.০৬.২০০৯ তারিখের মপবি/গসসে/রিপোর্ট/৮০/২০০৯/৮০০ সংখ্যক পত্রের নির্দেশনা অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিতকরণের নিমিত্ত বাংলাদেশ টেলিভিশনের বিষয়ে সপ্তাহে প্রতি বুধবার জনগণের অভিযোগ শুনার দিন ধার্য করা হয়েছে।

০২। বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তরের অতিরিক্ত পরিচালক (অর্থ) প্রতি বুধবার সকাল ০৯:০০ ঘটিকা থেকে বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত সদর দপ্তর ভবনের অভ্যর্থনা কক্ষে জনগণের অভিযোগ শুনবেন এবং প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে মহাপরিচালক এর নিকট লিখিতভাবে উপস্থাপন করবেন।

০৩। দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত পরিচালক (অর্থ) কে সদর দপ্তর ভবনের অভ্যর্থক সহায়তা প্রদান করবেন এবং জনগণের অভিযোগসমূহ ছক আকারে লেজারভুক্ত করবেন।

০৪। এ আদেশ জারির প্রেক্ষিতে প্রধান কার্যালয়ের ২০.০৭.২০০৯ তারিখের নং-বিটিভি/প্রশাসন-৫২/৩য় খন্ড/১/২৪৫৬ সংখ্যক আদেশ বাতিল গণ্য হবে।

০৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
এস.এম. হারুন-অর-রশীদ  
মহাপরিচালক  
ফোন: ৯৩৩৪১১০ (অফিস)  
E-mail: dg@btv.gov.bd

বিতরণ: কার্যার্থে-

- ০১। অতিরিক্ত পরিচালক (অর্থ), বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা।  
০২। অভ্যর্থক, বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা।

অনুলিপি:

- ০১। পরিচালক (অর্থ), বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা।  
০২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের জন্য)।  
০৩। উপ-পরিচালক (নিরাপত্তা), বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা।  
০৪। কার্যালয় নথি।